এই ফ্রি বইটি আপনার লক্ষ টাকা বাঁচিয়ে দিতে পারে

আগে শিখুন, তারপরে ট্রেডিং করুন

ট্রেডিং এর আসল 10 টি বাস্তবতা

সন্তু দাস

ফুল-টাইম ট্রেডার, ইনভেস্টর ও ফাইন্যান্স কনটেন্ট ক্রিয়েট

Founder - Bengal Money Mentor

সফল ট্রেডারের মানসিকতা

সূচিপত্র

1 ভূমিকা – কেন এই বই?

2 বাস্তবতা ১: "লস হওয়া খুব স্বাভাবিক"

3 বাস্তবতা ২: "শৃঙ্খলাই আপনার সবচেয়ে বড় সম্পদ"

4 বাস্তবতা ৩: "মানসিক ক্লান্তি পারফরম্যান্সে প্রভাব ফেলে"

5 বাস্তবতা ৪: "নিজের উপর নিজের সন্দেহ আসবে"

6 বাস্তবতা ৫: "FOMO (Fear of Missing Out) খারাপ সিদ্ধান্তে নিয়ে যায়"

7 বাস্তবতা ৬: "কয়েকদিনের লস দীর্ঘমেয়াদি সাফল্যের নির্দেশক নয়"

8 বাস্তবতা ৭: "ইমোশনে পড়ে ওভার ট্রেডিং করি"

9 বাস্তবতা ৮: "আপনার মন অনিশ্চয়তাকে গ্রহণ করতে চাইবে না"

10 বাস্তবতা ৯: "লোভ আপনার উপর প্রভাব ফেলে"

★ "রিভেঞ্জ ট্রেডিং একটি মানসিক ট্র্যাপ"

সন্তু দাস

ফুল-টাইম ট্রেডার, ইনভেস্টর ও ফাইন্যান্স কনটেন্ট ক্রিয়েটর

Founder - Bengal Money Mentor

বিশেষ অনুরোধ:

যেহেতু বইটি ছোট, তাই এটি থেকে সত্যিকার উপকার পেতে ২১ দিন ধরে প্রতিদিন একবার করে পড়ুন। প্রতিটি বিষয়বস্তু পড়ার পর ৫ মিনিট চোখ বন্ধ করে ভাবুন—আপনার ট্রেডিং জীবনে এটি কীভাবে প্রভাব ফেলতে পারে। মনে রাখবেন, আপনার মানসিক নিয়ন্ত্রণের শক্তি শুধুমাত্র আপনার কাছেই।

ট্রেডিং এর ১০ টি বাস্তবতা”

ভূমিকা

ট্রেডিং কেবলমাত্র টেকনিক্যাল স্ট্র্যাটেজি বা এনালাইসিস শেখার বিষয় নয়, বরং এটি ৮০% মানসিক খেলা। সফল ট্রেডারদের একমাত্র পার্থক্য হলো তাদের মানসিক নিয়ন্ত্রণ এবং বাস্তবতাগুলো গ্রহণ করার ক্ষমতা। এই ১০টি বাস্তবতা বোঝা এবং গ্রহণ করা আপনার ট্রেডিং ক্যারিয়ারের গতিপথ বদলে দিতে পারে।

বাস্তবতা ১:

"লস হওয়া খুব স্বাভাবিক"

"মুনাফা করার জন্য লস করা লাগে—
এটাই ট্রেডিংয়ের মূল সত্য।"

লস হলে হতাশ হওয়া বা ভয় পাওয়া মানেই হল প্রাকৃতিক নিয়মের বিরুদ্ধে যাওয়ার চেষ্টা করা। আপনি ব্যবসা করলে যেমন খরচ হয়, ঠিক তেমনই ট্রেডিংয়ের ক্ষেত্রেও লস হলো এক ধরনের খরচ। এটি স্বাভাবিকভাবে গ্রহণ করতে শিখতে হবে।

✓ যা বিশ্বাস করতে হবেঃ

"আমি প্রতিটি ট্রেডে জিততে পারবো না। তবে দীর্ঘমেয়াদে আমি লাভবান হব যদি আমি সঠিক স্ট্র্যাটেজি মেনে চলি।

বাস্তবতা ২:

"শৃঙ্খলাই আপনার সবচেয়ে বড় সম্পদ"

"সফল ট্রেডিং মানে শুধু একটি ভালো ট্রেড নেওয়া নয়, বরং ধারাবাহিকভাবে ভালো সিদ্ধান্ত নেওয়া।"

শুধুমাত্র ভালো স্ট্র্যাটেজি থাকলেই সফল হওয়া যায় না। সঠিক সময়ে সেটিকে মেনে চলার ক্ষমতা থাকতে হবে। অনেক ট্রেডার জানে কখন এন্ট্রি নিতে হবে, কিন্তু তারা নিজের পরিকল্পনাকে অনুসরণ করতে পারে না।

✓ **যা বিশ্বাস করতে হবেঃ**

"আমি আমার পরিকল্পনা বাস্তবায়নে প্রতিজ্ঞাবদ্ধ। শৃঙ্খলা ছাড়া ট্রেডিং করা মানে জুয়ার মতো ট্রেডিং করা।"

বাস্তবতা ৩:
"মানসিক ক্লান্তি পারফরম্যান্সে প্রভাব ফেলে"

"একজন ক্লান্ত ট্রেডার তার সবচেয়ে বড় শত্রু।"

একটানা ট্রেড করতে থাকলে আপনার মস্তিষ্কের সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা দুর্বল হয়ে যায়। সঠিক সময়ে ব্রেক নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এটি আপনাকে সতেজ ও যুক্তিসঙ্গত সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।

✓ **যা বিশ্বাস করতে হবেঃ**

"আমি কখন ট্রেড করা উচিত এবং কখন বিরতি নেওয়া উচিত তা জানি। ক্লান্ত অবস্থায় ট্রেড করলে আমি ভুল সিদ্ধান্ত নেব।"

বাস্তবতা ৪:

"নিজের উপর নিজের সন্দেহ আসবে”

"সন্দেহ থাকবে, কিন্তু পরিকল্পনার প্রতি বিশ্বাস থাকতে হবে।"

টানা লস হলে মনে হতে পারে, "আমার স্ট্র্যাটেজি কি কাজ করছে?" এই সন্দেহের সময়েই অধিকাংশ ট্রেডার তাদের পরিকল্পনা বদলে ফেলে, যার ফলে তারা আরও বেশি ক্ষতির সম্মুখীন হয়।

✓ যা বিশ্বাস করতে হবেঃ

"আমার আত্মবিশ্বাস আমার পরিকল্পনার উপর ভিত্তি করে, স্বল্পমেয়াদী লসের কারণে নয়।"

বাস্তবতা ৫:
"FOMO (Fear of Missing Out) খারাপ সিদ্ধান্তে নিয়ে যায়"

"মার্কেট থেকে সুযোগ কখনো শেষ হয় না, কিন্তু ট্রেডারের টাকা শেষ হতে পারে।"

অনেক ট্রেডার ভয় পায় যে তারা যদি একটি ট্রেড মিস করে, তাহলে তারা বিশাল লাভের সুযোগ হারাবে। এই মানসিকতা থেকে অনেক ভুল ট্রেড নেওয়া হয়, যা বড় ক্ষতির কারণ হতে পারে।

✓ যা বিশ্বাস করতে হবেঃ

"আমি শুধুমাত্র সেই ট্রেড নেব যা আমার পরিকল্পনার সঙ্গে মেলে। একটি ভুল ট্রেড নেওয়া, একটি সুযোগ মিস করার চেয়ে বেশি ক্ষতিকর।"

বাস্তবতা ৬:
"কয়েকদিনের লস দীর্ঘমেয়াদি সাফল্যের নির্দেশক নয়"

"প্রতিটি ট্রেড দীর্ঘমেয়াদি পরিকল্পনার একটি ক্ষুদ্র অংশ মাত্র।"

অনেক ট্রেডার কয়েকদিনের লস দেখে হতাশ হয়ে পড়ে এবং স্ট্র্যাটেজি বদলানোর চেষ্টা করে। কিন্তু এটি ট্রেডিংয়ের সবচেয়ে বড় ভুলগুলোর একটি।

✓ যা বিশ্বাস করতে হবেঃ

"আমি আমার লক্ষ্য নিয়ে উদ্বিগ্ন নই, আমি আমার নিয়ম মেনে চলছি কি না সেটাই আমার প্রধান চিন্তা।"

বাস্তবতা ৭:
"ইমোশনে পড়ে ওভার ট্রেডিং করি"

"আমাদের আবেগই আমাদের ট্রেডিংয়ের সবচেয়ে বড় বাধা।"

লসের পর রাগ, হতাশা, বা লোভের কারণে ট্রেডাররা অতিরিক্ত ট্রেড করে ফেলে। এটি কেবল আরও ক্ষতি ডেকে আনে।

✓ যা বিশ্বাস করতে হবেঃ

"আমি শুধু আমার পরিকল্পনা অনুযায়ী ট্রেড করি। আবেগের বশে অতিরিক্ত ট্রেড নেওয়া মানেই আমার ক্যাপিটাল ধ্বংস করা।"

বাস্তবতা ৮:
"আপনার মন অনিশ্চয়তাকে গ্রহণ করতে চাইবে না"

"ট্রেডিং মানে সম্ভাবনার , নিশ্চিত কিছু নয়।"

মার্কেটে কখন কী হবে তা কেউ জানে না। তাই অনিশ্চয়তাকে মেনে নিতে শিখতে হবে।

✓ যা বিশ্বাস করতে হবেঃ

"আমি মার্কেটের প্রতিটি ভবিষ্যৎ অনুমান করতে চাই না, আমি শুধুমাত্র যুক্তিসঙ্গতভাবে ট্রেড করতে চাই।"

বাস্তবতা ৯:
"লোভ আপনার উপর প্রভাব ফেলে"

"যখন লোভ বাড়ে, তখন ঝুঁকিও বেড়েযায়।"

অনেক ট্রেডার ভালো প্রফিট করার পর অতিরিক্ত আত্মবিশ্বাসী হয়ে যায় এবং অতিরিক্ত রিস্ক নেয়। এটি ধ্বংসের মূল কারণ।

✓ যা বিশ্বাস করতে হবেঃ

"আমি আমার পরিকল্পনার বাইরে যাই না।
ধারাবাহিকতা ধরে রাখতে লোভকে নিয়ন্ত্রণ করি।"

"রিভেঞ্জ ট্রেডিং একটি মানসিক ট্র্যাপ"

"লস ফিরে পেতে গিয়ে আরও বড় ক্ষতির ফাঁদে পড়বেন না।"

অনেক ট্রেডার লস করার পর দ্রুত সেটি রিকভার করতে চায় এবং আবেগের বশে ট্রেড নেয়। এর ফলে তারা আরও বড় ক্ষতির সম্মুখীন হয়।

✓ **যা বিশ্বাস করতে হবেঃ**

"আমি প্রতিটি লস সঙ্গে সঙ্গেই রিকভারি করার চেষ্টা করি না। শৃঙ্খলা মেনে চললে লস অটোমেটিক রিকভার হবে।"

এই ১০টি বাস্তবতা গ্রহণ করতে পারলেই আপনি ট্রেডিংয়ে মানসিকভাবে শক্তিশালী হবেন এবং দীর্ঘমেয়াদে সফল হতে পারবেন।

আপনার ট্রেডিং সাইকোলজি পরিবর্তন করুন, সফল হোন!

সন্তু দাস
ফুল-টাইম ট্রেডার, ইনভেস্টর ও ফাইন্যান্স কনটেন্ট ক্রিয়েট
Founder - Bengal Money Mentor

m3grow_with_mr.das

8145594039